भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

403651

Certified that the document is admitted to registration. The signature sheet sheet's and the endorsement sheet sheet's attached with this document's are the part of this document.

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas
- 4 SEP 2004

## — দান পত্র দলিল —

— মূল্য — ৩২,৮২,৬০০.০০ বত্রিশ লক্ষ বিরাশি হাজার ছয়শত টাকা —

**দান পত্র গ্রহীতা :—**

শ্রীমতী মমতা মৈত্র, স্বামী শ্রী স্বপন কুমার মৈত্র, পিতা শ্রী সুনীল কুমার সরদার, সাং — সরোজপার্ক, পোঃ — বারাসাত, থানা — বারাসাত, জেলা — উত্তর ২৪ পরগনা, জাতীয়তা — ভারতীয়, ধর্ম — হিন্দু, পেশা — গৃহস্থালী।

[illegible]

৫০০০.০০ পাঁচ হাজার টাকা মাত্র

[illegible]

১৮/৮/০৯
১,৮০,০০০

সুশীল কুমার সরকার

সুশীল কুমার সরকার

Seal of the Additional District Sub Registrar
অতিরিক্ত জেলা সাব নিবন্ধকের মোহর
বারাসাত, উত্তর ২৪ পরগনা
Barasat, North 24 Pgs.

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas
- 4 SEP 2009

সুবোধ কুমার মৈত্র
পিতা- ৺ জগদীশ চন্দ্র মৈত্র
সাকিন, থানা বারাসাত
২৪ পরগনা (উত্তর)
অবসর প্রাপ্ত [illegible]

Civil Judge (Sr. Devn.)
First Court, Barasat
North 24 Parganas



দান পত্র দাতা :–

শ্রী সুনীল কুমার সরদার , পিতা মৃত সহদেব সরদার ,
সাং – বিধানপার্ক , পোঃ – বারাসাত , থানা – বারাসাত ,
জেলা – উত্তর ২৪ পরগনা , জাতীয়তা – ভারতীয় , ধর্ম – হিন্দু ,
পেশা – ব্যবসা ।

কস্য শুভ দান পত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে –
জেলা উত্তর ২৪ পরগনা , থানা , এ, ডি , এস,আর,অফিস ও পৌরসভা বারাসাতের অধীন পরগনা আনোয়ারপুরের মধ্যে মৌজা – বনমালীপুর গ্রামে ৬০ নং খতিয়ানে রায়ত দখলি স্বত্বের বার্ষিক ৬৮ টাকা ১২ আনা জমার ৩০ একর ৮৮ শতক জমিজমার মধ্যে ৭১৭ নং দাগ ভুক্ত ২ একর ০৬ শতক জমিজমা যাহা রামকৃষ্ণপুর নিবাসী বদরুদ্দিন আহম্মদ এবং কমরুদ্দিন আহম্মেদ দীং নাম বরাবর ডিস্ট্রিক সেটেলমেন্ট জরিপে রেকর্ডে লিপিবদ্ধ থাকে । অতঃপর উক্ত বদরুদ্দিন আহম্মেদের নিকট হইতে তাহার ৮ আনা রকম অংশের জমিজমা গত ইংরাজী ১৯৫৭ সালে বারাসাত সাব রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রিকৃত বহি নং – ১ , ভলুম নং – ১০০ ,পাতা ১৪২ থেকে ১৫৫ , দলিল নং – ১০১৮৭ নং কোবালা দলিল মূলে রামকৃষ্ণপুর ,বারাসাত নিবাসী আফাজদ্দিন আহম্মদ এবং তাহার ভ্রাতা অহাজদ্দিন আহম্মদ খরিদ করিয়া ভোগ দখলিকার থাকেন । উক্ত আহাজদ্দিনের নিকট হইতে তাহার খরিদা অংশের জমিজমা গত ইংরাজী – ২৮ . ২ . ১৯৬৮ তারিখে

Civil Judge (Sr. Divn.)
First Court, Barasat
North 24 Parganas



ঐ অফিসে রেজিষ্ট্রিকৃত বুক নং ১ , ভল্যুম নং – ৩৫ , পাতা ২১৭ থেকে ২৩০ , বিয়িং নং – ২৭৫৯ নং কোবালা দলিল দ্বারা ঐ সাকিনের হায়াতন নেছা বিবি এবং জামালউদ্দিন আহম্মদ খরিদ করিয়া ভোগ দখলিকার থাকেন । উক্ত কলিমদ্দিন আহম্মদ পরলোক গমন করিলে তাহার ত্যক্ত অংশের সম্পত্তি তাহার ওয়ারেশ সূত্রে তাহার স্ত্রী – সরনজান বিবি ৩ পুত্র মহিউদ্দিন আহম্মদ , কামালউদ্দিন আহম্মদ ও আফতাবউদ্দিন আহম্মেদ ৩ কন্যা আজিজুন নেছা বিবি , হবিবননেছা বিবি , এবং বাবিরননেছা বিবি প্রাপ্ত হইয়া ভোগ দখলিকার ও ভোগ দখলিকারিনী থাকাকালে উক্ত আজিজুননেছা বিবি তাহার প্রাপ্ত অংশের জমিজমা গত ইংরাজী – ২০ . ৮ . ১৯৬৩ তারিখে ঐ অফিসে রেজিষ্ট্রিকৃত বুক নং ১ , ভল্যুম নং – ৯৪ , পাতা ১৪৫ থেকে ১৪৬ , বিয়িং নং ৯৪১০ নং কোবালা দলিল দ্বারা উক্ত মহিউদ্দিন আহম্মদ , কামালউদ্দিন আহম্মদ ও আফতাবউদ্দিন আহম্মেদের নিকট বিক্রয় করিয়া দখল পরিত্যাগ করেন । উক্ত হবিবন নেছা বিবি ও বাবিরননেছা বিবি তাহাদের অংশের জমিজমা গত ইংরাজী – ২৪ . ৪ . ১৯৬৯ তারিখে ঐ অফিসে রেজিষ্ট্রিকৃত ৪৮০৪ নং কোবালা দলিল দ্বারা মহিউদ্দিন আহম্মদ , কামালউদ্দিন আহম্মদ এবং – সামশুননেছা বিবির নিকট বিক্রয় করিয়া দখল পরিত্যাগ করেন । উক্ত আফতাবউদ্দিন আহম্মদ পরলোক গমন করিলে তাহার ত্যক্ত সম্পত্তি তাহার ওয়ারেশ সূত্রে তাহার স্ত্রী – সামশুননেছা বিবি ৩ পুত্র নূরউদ্দিন আহম্মদ , আলিমদ্দিন আহম্মদ ও আব্বাছউদ্দিন আহম্মদ এবং ৩ কন্যা জাহানারা বেগম , ফিরোজারা বেগম ও আনোয়ারা বেগম তাহার ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া ভোগ দখলিকারিনী ও ভোগ দখলিকার বিদ্যমান থাকাকালে উক্ত জাহানারা বেগম ও ফিরোজারা বেগম তাহাদের প্রাপ্ত অংশের জমিজমা গত ইংরাজী ৬ . ৫ . ১৯৬৯

Civil Judge (Sr. Divn.)
First Court, Barasat
North 24 Parganas



তারিখে ঐ অফিসে রেজিষ্ট্রিকৃত ৫২৭৪ নং কোবালা দলিল দ্বারা তাহাদের মাতা উক্ত সামশুন্নেছা বিবির নিকট বিক্রয় করিয়া দখল পরিত্যাগ করেন । অতঃপর উক্ত জমিজমার মধ্য হইতে স্কীমের ৬ নং প্লট ভুক্ত উক্ত ৭১৭ নং দাগ ভুক্ত ৮ $\frac{১}{৪}$ শতক বা ৫ কাঠা জমিজমা আমি অত্র দান পত্র দাতা গত ইংরাজী ২৯ . ১ . ১৯৬৯ তারিখে বারাসাত সাব রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত বুক নং ১ , ভল্যুম নং — ১০৩ , পাতা ১৮৯ থেকে ১৯৬ , বিয়িং নং — ১০১০৬ নং কোবালা মূলে উক্ত আফাজদ্দিন আহম্মদ , হায়তননেছা বিবি , জামালউদ্দিন আহম্মদ , মহিউদ্দিন আহম্মদ , কামালউদ্দিন আহম্মদ , নুরউদ্দিন আহম্মদ , নাবালক আলিমদ্দিন আহম্মদ , আব্বাছউদ্দিন আহম্মদ , নাবালিকা আনোয়ার বেগম পক্ষে ১৮ . ৪ . ১৯৬৯ তারিখের জজ আদালতের ২১। ৬৯ নং সার্টিফিকেট মূলে মমতা প্রাপ্ত মাতা ও স্বয়ং সামশুন্নেছা বিবির নিকট হইতে খরিদ করিয়া একক নিজ খাসে স্বত্ববান ও ভোগ দখলিকার বিদ্যমান আছি । উক্ত জমিতে গৃহাদী নির্মাণ পূর্বক এবং স্থানীয় বারাসাত পৌরসভায় নিজ নাম পত্তন পূর্বক ও ট্যাক্সাদি আদায় দিয়া - একক নিজ খাসে স্বত্ববান ও ভোগ দখলিকার বিদ্যমান আছি । উক্ত জমিজমা সমেত গৃহাদীতে আমার সর্ব প্রকারের হস্তান্তর যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে ।

তুমি দান পত্র গ্রহীতা আমার ঔরষজাত কনিষ্ঠা কন্যা হইতেছো । তুমি তোমার জন্ম অবধি অদ্য কালতক আমাকে শ্রদ্ধা ও ভক্তি দ্বারা পরিতৃপ্ত করিয়া আসিতেছো । এবং আমার অসুখে বিসুখে আমার গৃহে আসিয়া আমাকে সেবা যত্ন করিয়া আসিতেছো এবং সর্ব প্রকারের দেখাশুনা করিয়া আসিতেছো । তোমার ব্যবহারে আমি তোমার উপর অত্যন্ত সন্তুষ্ঠ

এবং প্রীত। তুমি আমার স্নেহের পাত্রী, তোমার প্রতি আমি অকৃত্রিম স্নেহ ভালবাসা পোষণ করিয়া আসিতেছি। আমার জ্যেষ্ঠা কন্যা সবিতা বৈরাগীকে আমি সৎ পাত্রে পাত্রস্থ করিয়াছি সে তাহার স্বামী গৃহে সুখে শান্তিতে বসবাস করিতেছে আমার উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে তাহার কোন প্রয়োজন নাই। তোমার প্রতি আমার স্নেহ ভালবাসার নিদর্শন স্বরূপ আমার খরিদা খাস স্বত্ব দখলিয় উক্ত এবং নিম্নের তপশীলে বর্ণিত ও অত্র দলিলের সাথে সংযুক্ত নকসায় প্রদর্শিত ৫ কাঠা জমি সমেত তদুপরিস্থিত ২৫০ বর্গফুট এ্যাজবেসটর ছাউনি যুক্ত গৃহাদী আমার স্ত্রী এবং জ্যেষ্ঠ কন্যার সহিত পরামর্শ করিয়া তাহাদের সম্মতিক্রমে তোমার বরাবর দান করিবার প্রস্তাব দিলে তুমি গ্রহন করিতে সম্মত হওয়ায় এবং তোমার প্রতি আমার স্নেহ ভালবাসার নিদর্শন স্বরূপ এবং আমার প্রতি তোমার ভক্তি শ্রদ্ধা ও সেবা যত্নের প্রতিদান স্বরূপ উক্ত এবং নিম্নের তপশীলে বর্ণিত জমিজমা সমেত গৃহাদী অত্র দান পত্র দলিল দ্বারা তোমার বরাবর দান করিয়া তোমার বরাবর অত্র দান পত্র দলিল লিখিয়া দিয়া স্বীকার, অঙ্গীকার, প্রচার ও ঘোষনা করিতেছি যে, আমি অদ্য হইতে অত্র দান পত্রের দানকৃত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। এই দান সূত্রে তপশীল বর্ণিত জমিজমায় তোমার সম্পূর্ন খাস স্বত্ব দখল বর্তাইল। তুমি অদ্য হইতে অত্র দান পত্রের দানকৃত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে ও দখলে খাসে স্বত্ববতী ও দখলকারিনী হইয়া মালিক সেরেস্তায় ও স্থানীয় পৌরসভায় তোমার নিজ নাম পত্তন পূর্বক খার্য্য করাদায়ে দাখিলা গ্রহনে এবং পৌরসভার ট্যাক্স আদায়ে রশিদ গ্রহনে জমি ও গৃহাদীর উন্নতি বিধানে যথেচ্ছামত ব্যবহারে দান, বিক্রয়, মর্টগেজ সর্ব প্রকারের হস্তান্তরের ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশানও স্থলাভিষিক্তগনক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাক, তাহাতে কস্মিনকালেও আমার বা আমার অপর কোন ওয়ারিশানগনের কাহারও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া

গ্রাহ্য হইবে না,কেহ করিলেও তাহা সর্বত্র সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে ।

সম্পূর্ন নির্দায় , নির্দোষ ও মুক্তাবস্থায় নিজ খাস স্বত্ব দখলিয় জমিজমা সমেত গৃহাদী এই সর্ত প্রথম তোমাকে দান করিয়া উহার সম্পূর্ন খাস দখল তোমার বরাবর ছাড়িয়া দিলাম। এই সম্পত্তি ভেস্টেড ল্যান্ড নয় বা দেবোত্তর কিম্বা পীরোত্তর সম্পত্তি নয় বা এই সম্পত্তি ল্যান্ড এ্যাকুইজিশান, রিকুইজিশান ভুক্ত নয় । দান পত্র দলিলে কোন ভুল থাকা প্রকাশ পাইলে সংশোধন দলিল করিয়া দিব । সঙ্গীয় নকসা দান পত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে ।

এতদার্থে আপন ইচ্ছায় , সুস্থ শরীরে, সরল মনে , সজ্ঞানে , সুস্থ চিত্তে , অন্যের বিনানুরোধে , বিনা প্ররোচনায় ৩২,৮২,৬০০·০০ বত্রিশ লক্ষ বিরাশি হাজার ছয়শত টাকা মূল্যের সম্পত্তির দান পত্র দলিল নিজ উক্তি মতো লেখাইয়া, পড়িয়া দলিলের মর্ম সম্যক অবগত হইয়া অত্র দান পত্র গ্রহীতার বরাবর সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন -- ১৪১৬ সালের ১৮ ই ভাদ্র , ইংরাজী - ০৪ · ০৯ · ২০০৯ ।

---- দান কৃত তপশীল সম্পত্তির পরিচয় ----

জেলা উত্তর ২৪ পরগনা , থানা , এ, ডি , এস,আর,অফিস ও পৌরসভা বারাসাত , ১৪৬ নং তৌজি , পরগনা আনোয়ারপুরের মধ্যে মৌজা - বনমালীপুর গ্রামে বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪পরগনা জেলা কালেকটার বাহাদুর অধীনে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট ।

Civil Judge (Sr. Divn.)
First Court, Barasat,
North 24 Parganas



বার্ষিক ১৮ টাকা ১ আনা ৩ পাই জমার ১ একর ৫১ শতক জমিজমার মধ্য হইতে সাবেক খতিয়ান নং ৬০ , খাস মালিকের খতিয়ান নং — ১, ৩, ৬০ , নতুন খতিয়ান ৪৭৪ নংখতিয়ান ভুক্ত জমিজমার মধ্য হইতে ২ ১/১৬ শতক জমি মাত্র ।

বার্ষিক ১৬ টাকা ৩ আনা জমার ১ একর ৬০ শতক জমিজমার মধ্য হইতে সাবেক খতিয়ান নং ৬০ , আর , এস, খতিয়ান নং -- ৪৬৪ নং খতিয়ান ভুক্ত জমিজমার মধ্য হইতে ২ ১/১৬ শতক জমি মাত্র ।

বার্ষিক ১৪ টাকা ৭ আনা ১ পাই জমার ১ একর ৫১ শতক জমিজমার মধ্য হইতে সাবেক খতিয়ান নং — ৬০ , আর , এস, ৪৬১ নং খতিয়ান ভুক্ত জমিজমার মধ্য হইতে ২ ১/১৬ শতক জমি মাত্র ।

বার্ষিক ৩৬ টাকা ১ আনা ৬ পাই জমার ৩৫ একর ৭৭ শতক জমিজমার মধ্য হইতে সাবেক ৬০ , আর , এস, ৪৫১ নং খতিয়ান ভুক্ত ২ ১/১৬ শতক জমি মাত্র ।

**************************************************************

৪ টি জমার মোট ৮ ১/৪ শতক বা ৫ পাঁচ কাঠাজমি মাত্র । যাহার বর্তমান খাজনা পশ্চিমবঙ্গ ল্যান্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে ধার্য্য হইবে ।

মৌজা — বনমালীপুর , জে , এল, নং — ৮০ , রে : সাঃ নং ২২৬ , সাবেক খতিয়ান নং — ৬০ , আর , এস, খতিয়ান ৪৭৪ , ৪৬৪ , ৪৬১ , এবং ৪৫১ নং খতিয়ান ভুক্ত —

Civil Judge (Sr. Divn.)
First Court, Barasat
North 24 Parganas



৭১৭ সাতশত সতের নং দাগের ডাঙ্গা ২ একর ৩৬ শতক জমিজমার মধ্য হইতে নিজ খরিদা খাস স্বত্ব দখলিয় ৫ পাঁচ কাঠা জমি সমেত তদুপরিস্থিত ২৫০ বর্গফুট এ্যাডবেসটর ছাউনি যুক্ত গৃহাদী যায় যাবতীয় দরবস্তু হক হকুক ও ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র দান পত্রের দানকৃত সম্পত্তি হইতেছে । উক্ত সম্পত্তি অত্র দলিলের সাথে সংযুক্ত নকসায় ৬ নং প্লট চিহ্নিত লাল রঙের বর্ডার দ্বারা বেষ্টিত এবং চিহ্নিত । যাহা বারাসাত পৌরসভার ১০ নং ওয়ার্ডের ১১ টাকি রোড নর্থ হোল্ডিং ভুক্ত।

-- চৌহদ্দি --

উত্তরে -- ১২' ফুট চওড়া মিউনিসিপ্যাল রোড ।

দক্ষিনে -- দাগ ৭১৫ ( ধীরাজ বিশ্বাসের জমি ) ।

পূর্বে -- ১২' ফুট চওড়া মিউনিসিপ্যাল রোড ।

পশ্চিমে -- দাগ নং ৭১৭ ( গনেশ সিংহ এর জমি ।

অত্র দান সানন্দে গ্রহন করিলাম এবং জমি ও গৃহের দখন বুঝিয়া লইলাম --

মমতা মৈত্র.

দান পত্র গ্রহীতার স্বাক্ষর -

মুসাবিদাকারক --

বিদ্যুৎ কুমার রায়
সাং পান্নাবিল, বারাসাত
লাই. নং ২৫, ডি. আর.
অফিস, বারাসাত

টাইপকারক --
অসিত দে
অসিত দে, বারাসাতকোর্ট ,

ইসাদী -

১। স্বপন কুমার মৈত্র
সরোজ পার্ক, বারাসাত
উঃ ২৪ পরগণা,

২। গৌতম দাস
চৌধুরীপাড়া বারাসাত
উত্তর ২৪ পরগনা,

## TRICT NORTH 24 PARGANAS



E OF THE

hoto of the presentant should be **pasted** in the front page of the **document**

(1) Name : শ্রী সুনীলকুমার সরদার Status - Presentant

### LEFT HAND FINGER PRINTS (বাম হাতের আঙ্গুলের ছাপ)

| LITTLE | RING | MIDDLE | FORE | THUMB |
|---|---|---|---|---|
| | | | | |

### RIGHT HAND FINGER PRINTS (ডান হাতের আঙ্গুলের ছাপ)

| THUMB | FORE | MIDDLE | RING | LITTLE |
|---|---|---|---|---|
| | | | | |

*All the above fingerprints are of the abovenamed person, and attested by the said parson.*

***Signature of the Presentant***



(2) Name : শ্রীমতী মমতা মৈত্র

*Statuse : Presentant / Executant / Claimant / Attorney / Principal / Guardian / Testator (✓)*

### LEFT HAND FINGER PRINTS (বাম হাতের আঙ্গুলের ছাপ)

| LITTLE | RING | MIDDLE | FORE | THUMB |
|---|---|---|---|---|
| | | | | |

### RIGHT HAND FINGER PRINTS (ডান হাতের আঙ্গুলের ছাপ)

| THUMB | FORE | MIDDLE | RING | LITTLE |
|---|---|---|---|---|
| | | | | |

*All the above fingerprints are of the abovenamed person,and attested by the said parson.*

***Signature of the Presentant***

***Executant / Claimant / Attorney / Principal / Guardian / Testator***

*(Tick the appropriate status)*

Civil Judge (Sr. ... First Court, Barasat, North 24 Parganas

Government of West Bengal

Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue

Office of the A. D. S. R. BARASAT, District- North 24-Parganas

Signature / LTI Sheet of Serial No. 04407 / 2009, Deed No. (Book - I , 04076/2009)

I. Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
| --- | --- |
| Sunil Kumar Sardar | 04-09-09 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
| --- | --- | --- | --- | --- | --- |
| 1 | Sunil Kumar Sardar<br>Address -Bidhan Park Barasat<br>N 24 Pgs | Self | <br>04/09/2009 | <br>LTI<br>04/09/2009 | |

| Name of Identifier of above Person(s) | Signature of Identifier with Date |
| --- | --- |
| Swapan Kr. Maitra<br>PS-Barasat,Saroj Park Barasat N 24 Pgs | Swapan Kr. Maitra<br>04-09-09 |

(Supriya Chattopadhyay)
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BARASAT
Office of the A. D. S. R. BARASAT

Government Of West Bengal
Office of the A. D. S. R. BARASAT
BARASAT
Endorsement For deed Number :I-04076 of :2009
(Serial No. 04407, 2009)

Chief Judge (Sr. Div.), First Court, ..., North 24 Parganas

**04/09/2009**

**Certificate of Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :33 (i),4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs. 10.00/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 36102/- ,E = 7/- on:04/09/2009

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed for Gift in Favour of family members has been assessed at Rs- 3282600/- for the chargeability of the Stamp duty and registration fees. Certified that the required stamp duty of this document is Rs 16423 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs 11430/- is paid, by the Bankers cheque number 499120, Bankers Cheque Date 03/09/2009 Bank Name STATE BANK OF INDIA, Barasat, received on :04/09/2009.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 12.21 hrs on :04/09/2009,at the Office of the A. D. S. R. BARASAT by Sunil Kumar Sardar,Executant.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on 04/09/2009 by


1. Sunil Kumar Sardar, son of Late Sahadeb Sardar ,Bidhan Park Barasat N 24 Pgs ,Thana Barasat, By caste Hindu,by Profession :Business

Identified By Swapan Kr. Maitra, son of Late Jagadish Ch. Maitra Saroj Park Barasat N 24 Pgs Thana: Barasat, by caste Hindu,By Profession :Retired Person.

[Supriya Chattopadhyay]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BARASAT
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BARASAT
Govt. of West Bengal

FOR SUB-PLOT NO.-(6) AT MOUZA- "BANAMALIPUR", J.L.
...S. NO.- 226, PORTION OF R.S. DAG NO.- 717 UNDER R.S. KHATIAN
...1, 464, 469, 459, P.S. & MUNICIPALITY- BARASAT, WARD NO.-
...RICT- NORTH 24-PARGANAS. (KOLKATA - 700124).

'PLAN' SCALE:- 20'-0" = 01" INCH




DRAWN BY:-
(AS PER LINK-DEED)
PLAN.
D. K. Bhattacharya.
10/08/09
D. K. Bhattarcharya
Senior Surveyer
Regd. No.- 0431 (SR)
Nabapally, Barasat
M: 9830992177

SIG. OF DONEE

SIGNATURE OF DONER

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 8
Page from 668 to 681
being No 04076 for the year 2009.

(Supriya Chattopadhyay) 08-September-2009
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BARASAT
Office of the A. D. S. R. BARASAT
West Bengal

T-518/13
"X" for identification
26/11/19

T-518/13
Exht - H
C-J
08/7/20

T-518/13
Exht - I
C-J.
27/12/21